



# বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

২রা জুন, ২০১৮

## প্রেস বিজ্ঞপ্তি

মাদক বিরোধী অভিযানের নামে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী কর্তৃক বিচার বর্হিভূত হত্যাকাণ্ড বন্ধ করা এবং প্রত্যেকটি বিচার বর্হিভূত হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্তসহ অভিযুক্তদের আইনানুযায়ী বিচারের জোর দাবী জানাচ্ছে ব্লাস্ট

সাম্প্রতিক সময়ে বিভিন্ন পত্র-পত্রিকা ও সংবাদ মাধ্যমে প্রকাশিত সংবাদ হতে জানা যাচ্ছে যে, মাদক বিরোধী অভিযানের নামে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী কর্তৃক প্রায় শতাধিক ব্যক্তি বিচার বর্হিভূত হত্যাকাণ্ডের শিকার হয়েছেন। এভাবে বিচার বর্হিভূত হত্যাকাণ্ডের ঘটনায় ব্লাস্ট গভীর উদ্বেগ প্রকাশ করেছে। পাশাপাশি বিচার বর্হিভূত হত্যাকাণ্ড বন্ধ করা এবং প্রত্যেকটি বিচার বর্হিভূত হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্তসহ অভিযুক্তদের আইনানুযায়ী বিচারের জোর দাবী জানাচ্ছে।

কোন নাগরিককে এই ধরনের নির্যাতন বাংলাদেশের সংবিধানো ২৭, ৩১, ৩২, ৩৫(৩) অনুচ্ছেদে বর্ণিত সাংবিধানিক অধিকারের সুস্পষ্ট লঙ্ঘন। বাংলাদেশের সংবিধানে ৩৫(৩) অনুচ্ছেদ অনুযায়ী, ‘ফৌজদারী অপরাধের দায়ে অভিযুক্ত প্রত্যেক ব্যক্তি আইনের দ্বারা প্রতিষ্ঠিত স্বাধীন ও নিরপেক্ষ আদালত বা ট্রাইব্যুনালে দ্রুত ও প্রকাশ্য বিচার লাভের অধিকারী হইবেন’। সংবিধানের ৩২ অনুচ্ছেদে বলা হয়েছে, ‘আইনানুযায়ী ব্যতীত জীবন ও ব্যক্তি-স্বাধীনতা হইতে কোন ব্যক্তিকে বঞ্চিত করা যাইবে না’।

উল্লেখ্য, বাংলাদেশ বনাম ব্লাস্ট (সিভিল আপীল নং ৫৩/২০০৪) মামলায় হামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ একজন হেণ্ডারকৃত ব্যক্তির যে অধিকার রয়েছে তা উল্লেখ করে বলেছেন, “আইনশৃংখলা রক্ষাকারী বাহিনী তাদের দায়িত্ব পালনের ক্ষেত্রে মানুষের মর্যাদার প্রতি সম্মান প্রদর্শন করবেন এবং প্রত্যেক ব্যক্তির মানবাধিকার রক্ষা ও সমুল্লত রাখতে সচেষ্ট হবেন। রায়ে আরও বলা হয়েছে যে, “মানবজীবন হলো সবচেয়ে মূল্যবান সম্পদ, তাই আইনশৃংখলা রক্ষাকারী বাহিনী মানুষের জীবন ও মর্যাদা রক্ষায় সর্বোচ্চ গুরুত্ব প্রদান করবে।”

ব্লাস্ট সুপ্রীম কোর্টের এই রায় বাস্তবায়ন করার জোর দাবী জানাচ্ছে এবং মাদক বিরোধী অভিযানে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী কর্তৃক বিচার বর্হিভূত হত্যাকাণ্ড বন্ধ করে অভিযুক্ত ব্যক্তিকে বিচারের আওতায় এনে যথাযথ আইনগত পদক্ষেপ গ্রহণের দাবী জানাচ্ছে। পাশাপাশি মাদক নিয়ন্ত্রণের জন্য আন্তর্জাতিক মাদক নিয়ন্ত্রণ সনদ ও বিভিন্ন মানবাধিকার সনদ অনুসরণ করে মানবাধিকার-ভিত্তিক পন্থা গ্রহণ করার জন্য আমরা সরকারকে আহবান জানাচ্ছি এবং মাদকাসক্তি প্রতিরোধ, চিকিৎসা এবং পূর্ববাসন কর্মসূচি গ্রহণ করার জন্যও সরকারকে আহবান জানাচ্ছি।

সকল অপরাধীকে যথাযথ আইনগত সুরক্ষা প্রদান করে বিচারের আওতায় আনার জন্য আমরা জোর দাবী জানাচ্ছি।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক, এডভোকেসি এন্ড কমিউনিকেশন

ফোন: ৮৩৯১৯৭০, ৮৩৯১৯৭৩

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)